



নম্বর: ১২.০০.০০০০.০৩৮.০৫.০০৩.২২-২৯১

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৯

১১ আগস্ট ২০২২


## অফিস আদেশ

কৃষি মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী নিম্নবর্ণিত ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হলো:

(০১)	যুগ্মসচিব (বাজেট ও মনিটরিং) - আহবায়ক (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)
(০২)	উপসচিব (গবেষণা-১ শাখা) - সদস্য
(০৩)	উপসচিব (সম্প্রসারণ-১ শাখা) - সদস্য
(০৪)	উপসচিব (প্রশাসন-১ শাখা) - সদস্য
(০৫)	সিনিয়র সহকারী সচিব (মনিটরিং ও রিপোর্টিং শাখা) - সদস্য-সচিব (বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা)

## কমিটির কার্যপরিধি নিম্নরূপ:

- ক. কমিটি মন্ত্রণালয়ের সিটিজেনস্ চার্টারে উল্লিখিত কার্যক্রম/সেবাসমূহ/সংশ্লিষ্ট অধিশাখা/শাখা হতে প্রদান করা হচ্ছে কিনা সে বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ করবেন এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রণয়নপূর্বক দাখিল করবেন;
- খ. কমিটি সেবাপ্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়টি মনিটর করবেন;
- গ. সেবাপ্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সকল কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুসারে বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং করবে;
- ঘ. নিয়মিত সেবাপ্রদান প্রতিশ্রুতি সেবা বন্ধ হালনাগাদ কার্যক্রম মনিটরিং করবে;
- ঙ. কমিটি আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সভা আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদের ব্যবস্থা গ্রহণ করবে;
- চ. প্রতি তিনমাসে একবার কমিটির সভা আয়োজন এবং কর্মপরিকল্পনার সকল কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুসারে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন ও পর্যালোচনা করবে;
- ছ. মন্ত্রিপরিষদ বিভাগে এবং মনিটরিং ও রিপোর্টিং শাখায় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবে;
- জ. অর্থবছর শেষে ১০ জুলাই তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সেবাপ্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার স্বমূল্যায়িত প্রতিবেদন প্রমাণকসহ মনিটরিং ও রিপোর্টিং শাখায় প্রেরণ করবে এবং অফিস প্রধানের অনুমোদন গ্রহণ করে ১৫ জুলাই তারিখের মধ্যে প্রমাণকসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে;
- ঝ. অর্থবছর শেষে আওতাধীন অফিসসমূহ কর্তৃক দাখিলকৃত পূর্ববর্তী অর্থবছরের সেবাপ্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার প্রমাণকসমূহ যাচাই করে চূড়ান্ত নম্বর প্রদান করা এবং এপিএ মূল্যায়নকারী কর্মকর্তার নিকট চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ।
- ০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।
- ০৩। এতদ্বারা ২৮ এপ্রিল ২০২২ তারিখের ১২.০০.০০০০.০৩৮.০৫.০১৩.২০.৩৩ সংখ্যক অফিস আদেশটি বাতিল করা হলো।



১১-৮-২০২২

বিনু সাহা

সিনিয়র সহকারী সচিব

নম্বর: ১২.০০.০০০০.০৩৮.০৫.০০৩.২২-২৯১/১(৬৮)

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৯  
১১ আগস্ট ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

২) কৃষি মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ প্রধান


৩) কৃষি মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থা প্রধান গণ

৪) যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়

৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়

৬) কৃষি মন্ত্রণালয়ের সকল শাখা অধিশাখা

৭) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় (নোটিশটি সেবা প্রদান প্রতিশ্রুতি সেবাবন্ধে আপলোডপূর্বক স্ক্রিনশট মনিটরিং ও রিপোর্টিং শাখায় প্রেরণের অনুরোধসহ)।



১১-৮-২০২২

বিনু সাহা

সিনিয়র সহকারী সচিব